

১৭ ময়মনসিংহ রোড, বাংলামোটর, ঢাকা ১০০০

Email: bskmbf24@gmail.com

ফোন: ০২-৯৬৬০৮১২, ০১৭০৫৪১৭১৪৯

২৮/০৭/২০২৫ ইং

বরাবর,

অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/প্রধান শিক্ষক,

নাটোর সদর, নাটোর।

বিষয় : বিশ্বসাহিত্য কেন্দ্রের বইমেলায় অংশগ্রহণের এবং ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সবিনয়ে জানাচ্ছি যে, বিশ্বসাহিত্য কেন্দ্র একটি শিক্ষা ও সংস্কৃতিধর্মী প্রতিষ্ঠান। বিশ্বসাহিত্য কেন্দ্র গত ৪৬ বছর ধরে নানারকম কার্যক্রমের মধ্য দিয়ে স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীসহ সব বয়সের মানুষের উৎকর্ষ সাধনের মাধ্যমে 'আলোকিত মানুষ চাই' ও একটি জ্ঞানভিত্তিক সমাজ গঠনের কাজে নিয়োজিত রয়েছে। বিশ্বসাহিত্য কেন্দ্রের এই 'আলোকিত মানুষ' গড়ার আন্দোলনের অংশ হিসেবে সারা দেশজুড়ে জ্ঞানপিপাসু প্রতিটি মানুষের হাতে পৃথিবীর শ্রেষ্ঠ বইগুলো নিরন্তরভাবে সহজলভ্য করার উদ্দেশ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক সহযোগিতায় সম্প্রতি একটি 'ভ্রাম্যমাণ বইমেলা কর্মসূচী' চালু করা হয়েছে।

বিশ্বসাহিত্য কেন্দ্রের 'বইমেলা, চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা' নাটোর সদরে শুরু হয়েছে। বইমেলা কার্যক্রমটি আগামী ১ আগস্ট থেকে ৫ আগস্ট ২০২৫ ইং তারিখ পর্যন্ত ৫ দিনব্যাপী "নাটোর জেলা পরিষদ অডিটোরিয়াম" এ আয়োজন করা হয়েছে।

মেলাটি প্রতিদিন বেলা ১২ টা থেকে রাত ৮ টা পর্যন্ত সকল দর্শনার্থী, পাঠক ও ক্রেতার জন্য উন্মুক্ত থাকবে।

চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা

তারিখঃ- ২/০৮/২০২৫, রোজ- শনিবার।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা:- বিকাল ৪:৩০ টা থেকে ৫:৩০ টা, ১ ঘন্টা।

স্থান : "নাটোর জেলা পরিষদ অডিটোরিয়াম"

চিত্রাঙ্কনের গ্রুপ ও বিষয়

গ্রুপ	শ্রেণী	বিষয়
ক	০ শ্রেণী থেকে ১ম শ্রেণী পর্যন্ত	যেমন খুশি
খ	২য় শ্রেণী থেকে ৪র্থ শ্রেণী	গ্রামের দৃশ্য
গ	৫ম শ্রেণী থেকে ৭ম শ্রেণী	বর্ষাকাল
ঘ	৮ম শ্রেণী থেকে উন্মুক্ত	নাটোর ইতিহাস ঐতিহ্য

রং, বোর্ড নিয়ে আসতে হবে

আবৃত্তি প্রতিযোগিতাঃ আবৃত্তি প্রতিযোগিতা ৪ আগস্ট ২০২৫ বিকাল ৪.০০ টায় শুধুমাত্র ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। বিচারকের ভিত্তিতে প্রথম ৩ জনকে পুরস্কার প্রদান করা হবে।

বিঃ দ্রঃ সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য ও একক অভিনয়ে অংশগ্রহণের সুযোগ রয়েছে।


অতএব, উল্লিখিত তারিখ অনুযায়ী বইমেলায় আপনাদের উপস্থিতি ও যথাযোগ্য কর্মসূচী পালনে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে,

মোঃ মনিরুজ্জামান - ০১৬৩৪৮০৬২৭৪

সংগঠক, ভ্রাম্যমাণ বইমেলা

আ লো কি ত মা নু ষ চা ই



সহযোগিতায়:

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়